



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা) ৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.২৫৬.১৩- ১৮৬

তারিখঃ ২৪/০৯/২০১৮ খ্রি:

বিষয় : ইরেসপো কর্মসূচির মাঠ সংগঠক জনাব মোছাঃ আসমা খাতুন কর্তৃক হস্তমজুদ এর তথ্য উদঘাটন পূর্বক প্রতিবেদন দাখিল।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনার উপজেলায় বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচির মেয়াদোত্তীর্ণ খেলাপীর পরিমাণ ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে এবং প্রকল্পের অনলাইন সফটওয়্যার হতে দেখা যায় জনাব মোছাঃ আসমা খাতুন, মাঠ সংগঠক এর ব্লকভুক্ত সমিতিসমূহে বিপুল পরিমাণ ঋণ মেয়াদোত্তীর্ণ খেলাপীতে পরিণত হয়েছে। এছাড়া প্রকল্প কর্তৃপক্ষের নিকট বর্ণিত মাঠ সংগঠক কর্তৃক অনিয়মতান্ত্রিকভাবে পাশ বহি লিখন, WCS এর সাথে পাশ বহি মিল না থাকা এবং সঞ্চয়ের সুদ আত্মসাত ও ঋণের টাকা হস্তমজুদের তথ্য রয়েছে। তাই আপনার উপজেলায় মেয়াদোত্তীর্ণ খেলাপীর পরিমাণ বৃদ্ধির কারণসহ বর্ণিত মাঠ সংগঠক কর্তৃক প্রকল্পের অর্থ হস্তমজুদের বিষয়ে সুনির্দিষ্ট তথ্য প্রয়োজন।

এমতাবস্থায়, বর্ণিত মাঠ সংগঠকের ব্লকভুক্ত সমিতি সমূহে সরেজমিনে পরিদর্শন করে সঞ্চয় ও ঋণ এর ডিটেইল লিস্ট সহ প্রতিবেদন প্রকল্প কার্যালয়ে আগামী ০৫/১০/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মোহাম্মদ আতিকুর রহমান  
উপ প্রকল্প পরিচালক  
ইরেসপো, বিআরডিবি, ঢাকা  
ফোনঃ ০২-৮১৮০১৪৩

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা  
উপজেলাঃ পাইকগাছা  
জেলাঃ খুলনা

**অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):-**

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ খুলনা।
২. প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৩. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ পাইকগাছা জেলাঃ খুলনা
৪. হিসাব সহকারী/মাঠসংগঠক, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ পাইকগাছা জেলাঃ খুলনা
৫. অফিস কপি/সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।

**সদয় অবগতির জন্য অনুলিপি বিতরণঃ**

১. প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী বিআরডিবি, ঢাকা।